প্রথম আলো

তারিখ ... 27 DEC 2017 ...
পৃঃ ... 8 ... কলাম 6 ...

# শিক্ষামন্ত্রীর পদত্যাগ চায় টিআইবি

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের পদত্যাগ চেয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। মন্ত্রীর একটি বক্তব্যকে ঘিরে এই পদত্যাগ দাবি করা হয়।

তবে 'সহনশীল হয়ে ঘুষ খাবেন' বলে যে বক্তব্যটি কয়েকটি গণমাধ্যমে এসেছে সেটি আট বছর আগের উদাহরণ বলে ব্যাখ্যা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ব্যাখ্যায় বলা হয়, অতীত-বিষয়ক বক্তব্য বা তুলনাকে বর্তমানের কথা ধরে নিয়ে সংবাদ পরিবেশন করা হয়েছে। যা দুঃখজনক, বিভ্রান্তিকর ও শিক্ষামন্ত্রীর মূল বক্তব্যের বিপরীত। ২৪ ডিসেম্বর শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ল্যাপটপ ও প্রশিক্ষণ সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিতে গিয়ে ওই উদাহরণ দিয়ে বক্তৃতা দিয়েছিলেন বলে মন্ত্রণালয়ের ব্যাখ্যায় জানানো হয়।

ওই বক্তব্য নিয়েই এখন ব্যাপক আলোচনা চলছে। শিক্ষামন্ত্রী এ বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দিতে আজ বুধবার দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন ডেকেছেন।

গতকাল এক বিবৃতিতে টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, শিক্ষামন্ত্রীর ওই বক্তব্য জাতির জন্য যেমন উদ্বেগজনক, তেমনি এতে কেবল তাঁর নিজের বিভ্রান্তি ও হতাশার প্রতিফলন ঘটেছে। মন্ত্রীর বক্তব্যে এটাও পরিষ্কার যে ইতিপূর্বে শিক্ষা খাতে টিআইবির একাধিক গবেষণায় উঠে আসা ব্যাপক মাত্রার দুর্নীতির চিত্র ও বিশ্লেষণকে তিনি শুধু ধারাবাহিকভাবে অস্বীকার ও উপেক্ষাই করেননি, বরং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রশ্রয় ও সুরক্ষা দিয়েছেন। যার ফলে তাঁকে এখন নিজেকেই দুর্নীতি ও দুর্নীতিবাজদের হাতে জিম্মি ভাবতে হচ্ছে।